

বিষয়ঃ রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল এবং এর নিয়ন্ত্রণাধীন আই ডি হাসপাতাল ও মডেল পরিবার পরিকল্পনা ক্লিনিক, রাজশাহী কার্যালয়ে
৩য় ও ৪র্থ শ্রেণির শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ (১) রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল স্মারক নং-রামেকহা/প্রশা/১৪/২৯৩৬, তারিখঃ ১০/০৭/২০১৪খ্রিঃ।
(২) রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল স্মারক নং-রামেকহা/প্রশা/১৫/৪২৮, তারিখঃ ২৭/০১/২০১৫খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪/১১/২০১০ তারিখের ০৫.১৬৬. ০২২.০০.০০.০৪৪.১৯৮৮-
১৩৫৬(২৫০) সংখ্যক পরিপত্রের নির্দেশনা/শর্ত মোতাবেক প্রচলিত সকল বিধি বিধান রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল এবং এর নিয়ন্ত্রণাধীন আই ডি
হাসপাতাল ও মডেল পরিবার পরিকল্পনা ক্লিনিক, রাজশাহী প্রতিষ্ঠানে সরাসরি নিয়োগযোগ্য ৩য় ও ৪র্থ শ্রেণির মোট ৯৮টি পদের মধ্যে অফিস সহকারী কাম
মুদ্রাঙ্কনিক এর ০২টি পদ, মেডিকেল রেকর্ড কিপার এর ১টি পদ, ডাইভার এর ১টি পদ, এমএলএসএস এর ১৮টি পদ, ওয়ার্ড বয় এর ১টি পদ, নিরাপত্তা
প্রহরী এর ১টি পদ, সুইপার এর ৯টি পদ এবং পরিসংখ্যান সহকারী এর ১টি পদ মোট ৩৪টি পদ বদলিজনিত কারণে শূন্য বিধায় এ ৩৪টি বাদ দিয়ে (৯৮-
৩৪)টি = ৬৪টি পদের ১০% হারে ৬টি পদ সংরক্ষণ রেখে অবশিষ্ট (৬৪-৬)টি=৫৮টি পদে বিজ্ঞ আদালতের কোন আদেশ দ্বারা বারিত না হলে নিম্নবর্ণিত
শর্ত সাপেক্ষে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হল ও নিয়োগের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলঃ

| প্রতিষ্ঠানের নাম | ক্রমিক নং | পদের নাম | প্রস্তাবিত পদের সংখ্যা | ছাড়কৃত পদের সংখ্যা | সংরক্ষিত পদের সংখ্যা |
|-------------------------------------------------------------------------------------------------------------------------|--------------|--------------------------------------|---------------------------|------------------------|-------------------------|
| রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল এবং এর নিয়ন্ত্রণাধীন আই ডি হাসপাতাল ও মডেল পরিবার পরিকল্পনা ক্লিনিক, রাজশাহী | ১ | ফটোগ্রাফার | ০১(এক)টি | ০১(এক)টি | |
| | ২ | অফিস সহকারী কাম মুদ্রাঙ্কনিক | ০১(এক)টি | ০১(এক)টি | |
| | ৩ | মেডিকেল রেকর্ড কিপার | ০১(এক)টি | ০১(এক)টি | |
| | ৪ | ওয়ার্ড মাষ্টার | ০২(দুই)টি | ০২(দুই)টি | |
| | ৫ | ইলেকট্রিশিয়ান/মেকানিক/ লিফটম্যান | ০৩(তিন)টি | ০৩(তিন)টি | |
| | ৬ | টেইলার্স | ০১(এক)টি | ০১(এক)টি | |
| | ৭ | এমএলএসএস | ২৬(ছাব্বিশ)টি | ২২(বাইশ)টি | ০৪(চার)টি |
| | ৮ | নিরাপত্তা প্রহরী | ০৩(তিন)টি | ০৩(তিন)টি | |
| | ৯ | সুইপার | ২০(বিশ)টি | ১৮(আঠার)টি | ০২(দুই)টি |
| | ১০ | পরিবার কল্যাণ পরিদর্শিকা | ০১(এক)টি | ০১(এক)টি | |
| | ১১ | মটিভেটর | ০১(এক)টি | ০১(এক)টি | |
| | ১২ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ০১(এক)টি | ০১(এক)টি | |
| | ১৩ | পিয়ন/নাইট গার্ড | ০১(এক)টি | ০১(এক)টি | |
| | ১৪ | সুইপার | ০২(দুই)টি | ০২(দুই)টি | |
| | | মোট ৬৪(চৌষট্টি)টি | | ৫৮(আটান)টি | ০৬(ছয়)টি |

শর্তাবলী:

- (১) সকল আনুষ্ঠানিকতা পালনসহ নিয়োগ বিধি ও প্রচলিত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (২) অস্থায়ী পদসমূহ (যদি থাকে) হালনাগাদ সংরক্ষণ করতে হবে;
- (৩) পদোন্নতিযোগ্য পদে সরাসরি জনবল নিয়োগ করা যাবে না;
- (৪) জনবল নিয়োগের ১৫ কার্য দিবসের মধ্যে মন্ত্রণালয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে;
- (৫) প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদে সংখ্যায় কোন গড়মিল/ভারতম্য হলে সে ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ এবং তথ্য
প্রদানকারী কর্মকর্তা দায়ী থাকবেন।

(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
sasadmin1@mohfw.gov.bd

পরিচালক

রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল
রাজশাহী।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। যুগ্মসচিব(প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।